তোমরা   যা বলো তাই বলো, আমার   লাগে না মনে।
আমার   যায় বেলা,   বয়ে যায় বেলা   কেমন   বিনা কারণে॥
    এই   পাগল হাওয়া   কী গান-গাওয়া
    ছড়িয়ে দিয়ে গেল আজি   সুনীল গগনে॥
সে গান আমার লাগল যে গো   লাগল মনে,
আমি   কিসের মধু খুঁজে বেড়াই   ভ্রমরগুঞ্জনে।
    ওই   আকাশ-ছাওয়া   কাহার চাওয়া
    এমন ক'রে লাগে আজি   আমার নয়নে॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Dadra, Style: Behag-Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail